দৈনিক ইত্তেফাক

13 APR 2016

# ডিবি পরিচয়ে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্রকে অপহরণ

রংপুর প্রতিনিধি

সাদা পোশাকে ডিবি পুলিশের পরিচয় দিয়ে রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রকে অপহরণ করে নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে। গত সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ১ম বর্ষের ছাত্র আব্দুল্লাহ আল মামুনকে (আপন) বিশ্ববিদ্যালয় সংলগ্ন সর্দারপাড়ার মোসলেমিন ছাত্রাবাস থেকে ডিবি পুলিশের পরিচয় দিয়ে অপহরণ করে নিয়ে যাওয়া হয়। গতকাল মঙ্গলবার পর্যন্ত বিশ্ববিদ্যালয় প্রশাসন ও তার পরিবারের লোকজন ডিবি পুলিশসহ আইন-শৃঙ্খলা বাহিনীতে খোঁজ-খবর করে তার কোনো সন্ধান পায়নি। এ ব্যাপারে ডিবি পুলিশের ওসি তাপস সরকার জানান, গত সোমবার রাতে ডিবি পুলিশ কোনো অভিযান চালায়নি। দুর্বৃত্তরা হয়তো মামুনকে অপহরণের সময় ডিবি পুলিশের পরিচয় দিয়েছে। তবে বিষয়টি আমরা খতিয়ে দেখছি।

ছাত্রাবাসের শিক্ষার্থীরা জানান, গত সোমবার ভোর সাড়ে ৪টার দিকে সাদা পোশাকের প্রায় ১৫ জন মানুষ ছাত্রাবাসে ডিবি পুলিশ পরিচয়ে প্রবেশ করেন। এসময় তারা মোবাইল নম্বর ট্রেকার দিয়ে মামুনের অবস্থান সনাক্ত করে তার কক্ষে প্রবেশ করে। তারা তার কক্ষে তল্লাশি চালায় এবং তাকে আটক করে নিয়ে যায়।

নিখোঁজ মামুনের বড় ভাই হাসান আলী জানান, বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের এক শিক্ষক সকালে বিষয়টি তাদের জানায়।

বিষয়টির সত্যতা নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর শাহীনুর রহমান জানান, পুলিশের সঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসনের যোগাযোগ অব্যাহত রয়েছে।